

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা কৃষি অফিসারের কার্যালয়
মেহেরপুর সদর, মেহেরপুর।



স্মারক নং: ১২.০২.০০০০৭৭.৬৭.১৪.২২-৬১৮

তারিখ: ০৬/০৪/২০২২ খ্রিঃ

সভার বিজ্ঞপ্তি

আগামী ১০/০৪/২০২২ খ্রিঃ তারিখ রোজ রবিবার বেলা ৩.০০ ঘটিকার সময় জনাব মোঃ মমিনুল ইসলাম, ডাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মেহেরপুর সদর মহোদয়ের অফিস কক্ষে তাঁর সভাপতিত্বে "কৃষি ও সেচ" সংক্রান্ত স্থায়ী কমিটির এক সভা অনুষ্ঠিত হবে। উক্ত সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য আপনাকে বিশেষভাবে অনুরোধ করা হলো।


আলোচ্য বিষয়:

- ১) কৃষি বিষয়ক বিভিন্ন কর্মকান্ড নিয়ে আলোচনা।
- ২) বিবিধ

প্রাপক:

সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে:-

- ১) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মেহেরপুর সদর, মেহেরপুর।
- ২) উপজেলা নির্বাহী অফিসার, মেহেরপুর সদর, মেহেরপুর।
- ৩) অফিস কপি।


০৬/০৪/২২
(নাসরিন পারভীন)
উপজেলা কৃষি অফিসার
মেহেরপুর সদর, মেহেরপুর।

এপ্রিল/২০২২ ইং মাসের কৃষি ও সেচ সংক্রান্ত স্থায়ী কমিটির সভার কার্যবিবরণীঃ

সভাপতি: জনাব মো: মমিনুল ইসলাম

ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মেহেরপুর সদর
স্থানঃ ভাইস চেয়ারম্যান মহোদয়ের অফিস কক্ষ।

উপস্থিত সদস্যবৃন্দের তালিকা :

তারিখঃ ১০/০৪/২০২২ ইং।

সময়ঃ বেলা ৩.০০ ঘটিকা।

ক্র: নং	নাম	পদবী	স্বাক্ষর
০১.	মো: রবিউল ইসলাম	সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা	স্বাক্ষরিত
০২.	মো: মাযহারুল ইসলাম	সহকারী প্রকৌশলী (ক্ষুদ্রসেচ), বিএডিসি, মেহেরপুর ইউনিট	স্বাক্ষরিত
০৩.	দীপক কুমার সাহা	কৃষি সম্প্রসারণ অফিসার	স্বাক্ষরিত
০৪.	নাসরিন পারভীন	উপজেলা কৃষি অফিসার ও সদস্য সচিব	স্বাক্ষরিত
০৫.	আব্দুস সামাদ বাবলু বিশ্বাস	চেয়ারম্যান, পিরোজপুর ইউনিয়ন পরিষদ	স্বাক্ষরিত

ভাইস চেয়ারম্যান ও সভাপতি, কৃষি ও সেচ সংক্রান্ত স্থায়ী কমিটি, মেহেরপুর সদর মহোদয়ের উপস্থিতিতে সভার কাজ শুরু হয়। শুরুর্তেই গত সভার সিদ্ধান্ত নিয়ে আলোচনা হয় এবং কোন সংশোধন না থাকায় দৃঢ়করণ করা হয়। সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানান এবং তাঁর অনুমতিক্রমে সদস্য সচিব ও উপজেলা কৃষি অফিসার, মেহেরপুর সদর এজেন্ডাভিত্তিক আলোচনা করেন।

উপজেলা কৃষি অফিসার, মেহেরপুর সদর সভায় জানান যে, মেহেরপুর সদর আম উৎপাদনে সমৃদ্ধ একটি উপজেলা। অত্র উপজেলার আম দেশের বিভিন্ন বড় বড় শহরে বিক্রয়ের জন্য যায়। এছাড়াও বর্তমানে মেহেরপুরের ১০ মে.টন আম ইংল্যান্ড, ফিনল্যান্ড সহ অন্যান্য দেশে রপ্তানি হচ্ছে।

মেহেরপুর সদর উপজেলায় ১০০০ হেক্টর জমিতে বিভিন্ন জাতের আমের চাষ হচ্ছে এর মধ্যে ৬০০ হেক্টর জমিতে হিম সাগর জাতের আমের চাষ হচ্ছে। আমের কাঙ্ক্ষিত ফলন নিশ্চিত করার জন্য বর্তমানে বালাইনাশকের ব্যবহার উৎসাহজনক হারে বৃদ্ধি পাচ্ছে। মাত্রাতিরিক্ত স্প্রে যেমন জলম্বাষ্য ও পরিবেশের জন্য ক্ষতিকর তেমনি আমের উৎপাদন ব্যয়ও বেশি। এই অবস্থায় আমে ব্যাগিং প্রযুক্তি ও ফেরোমোন ফাঁদ ব্যবহার করা হলে বালাইনাশকের ব্যবহার ও খরচ অনেকাংশেই কমানো সম্ভব হবে ব্যাগিং করা আম বিষমুক্ত, নিরাপদ রোগ ও পোকামুক্ত এবং আকর্ষণীয় রঙের হওয়ায় বাজার মূল্য অধিক পাওয়া যাবে এবং এই ব্যাগিং করা আম চাষীরা বিদেশে রপ্তানী করে অধিক লাভবান হবে।

তাই বিষমুক্ত, নিরাপদ রোগ ও পোকামুক্ত আম উৎপাদনের জন্য আমের ব্যাগিং ও ফেরোমোন ফাঁদ ব্যবহার করা খুবই প্রয়োজন। এর ফলে দেশে-বিদেশে মেহেরপুরের উৎপাদিত আমের সুনাম উত্তরোত্তর বৃদ্ধি পাবে।

সিদ্ধান্ত: সভায় বিস্তারিত আলোচনান্তে উপস্থিত সকল সদস্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গ্রহণ করেন যে, উপজেলায় আম চাষীদের মাঝে উপজেলা উন্নয়ন তহবিল হতে প্রয়োজনীয় অর্থ বরাদ্দ সাপেক্ষে আমের ব্যাগিং ও ফেরোমোন ফাঁদ (কৌটা ও লিউর) সরবরাহ করা যেতে পারে।

বাস্তবায়নঃ উপজেলা পরিষদ/ উপজেলা কৃষি অফিসার, মেহেরপুর সদর

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মো: মমিনুল ইসলাম)

ভাইস চেয়ারম্যান

ও

সভাপতি

কৃষি ও সেচ সংক্রান্ত স্থায়ী কমিটি
মেহেরপুর সদর উপজেলা পরিষদ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা কৃষি অফিসারের কার্যালয়
মেহেরপুর সদর, মেহেরপুর


স্মারক নং-১২.০২.০০০০.৫৭.৮৭ ১৪.২২.২৬৬

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

- ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মেহেরপুর সদর, মেহেরপুর।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, মেহেরপুর সদর, মেহেরপুর।
- ৩। জাইস চেয়ারম্যান/মহিলা জাইস চেয়ারম্যান, মেহেরপুর সদর উপজেলা পরিষদ, মেহেরপুর।
- ৪। সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, মেহেরপুর সদর, মেহেরপুর।
- ৫। চেয়ারম্যান, পিরোজপুর ইউনিয়ন পরিষদ, মেহেরপুর সদর, মেহেরপুর।
- ৬। উপ-সহকারী প্রকৌশলী, বিএডিসি (ফুল সেট), মেহেরপুর ইউনিট, মেহেরপুর সদর, মেহেরপুর।
- ৭। অফিস কপি, তথ্য দপ্তর।



তারিখ - ১০/০৪/২০২২


(নাসরিন পারভীন)

উপজেলা কৃষি অফিসার

ও

সদস্য সচিব

কৃষি ও সেচ সংক্রান্ত স্থায়ী কমিটি
মেহেরপুর সদর, মেহেরপুর।